

প্রাঙ্গণে তপস্বী পাল আর হরিপাল।
 হেনকালে দধি দিতে আইল গোয়াল।।
 বাঁকস্কন্ধে হরিনাম করিতে করিতে।
 দুইজন করে নৃত্য প্রাঙ্গণ মাঝেতে।।
 হরিপাল ধরি তার বাঁক নামাইল।
 মতুয়ারা সবে মিলি ভোজন করিল।।
 নামগানে মত্ত হয়ে নিশী পোহাইল।
 প্রাতেঃ সবে জয়পুর গমন করিল।।
 জয়পুর উত্তরিল সাধনার বাড়ী।
 প্রেমে মত্ত সকলে করিছে দৌড়াদৌড়ি।।
 কুন্দসী নিবাসী নাম দীননাথ পাল।
 হরিনামে মত্ত হইয়ে হইয়েছে বেহাল।।
 তার ছিল মহাব্যাধি নাসিকাথ ফুলা।
 নাকের নীচায় ফুলে বর্ণ হ'ল ধলা।।
 মুখে চাকা চাকা দাগ রস-পিত্ত দোষ।
 ব্যাধি যুক্ত তার মনে সদা অসন্তোষ।।
 তার নারী স্বপ্নে দেখে ব্যাধি হবে মাপ।
 জয়পুরে তারকে ডাকিলে 'ধর্ম-বাপ'।।
 তারকে ডাকিল বাপ ব্যাধি সেরে গেল।
 সেই হ'তে দীনপাল বড় ম'তো হ'ল।।
 মানসিক ছিল তার মহোৎসব দিবে।
 নিবেদিল পাগলের শ্রীপদ পল্লবে।।
 গললগ্নী-কৃতবাসে পাগলেরে কয়।
 'মহোৎসবে দিতে হ'বে কুন্দসী আলয়।।
 একখানি বাড়ী করিয়াছেন তারক।
 তারকের দাস সেই বাড়ীর রক্ষক।।
 দীনপাল আছে আমি থাকি সেই ঠাই।
 দয়াকরি সেই বাড়ী চলুন গোঁসাই।।
 তাহা শুনি পাগল চলিল সেই বাড়ী।
 মতুয়ারা সবে যায় করি দৌড়াদৌড়ি।।
 মতুয়া একত্র দীননাথের বাটীতে।
 কীর্তন করিছে সবে মহানন্দে মেতে।।

অক্ষয় ঠাকুর নাচে, নাচে মহানন্দ।
 মদন গোপাল হরি সবে মহানন্দ।।
 তাহাদের পিছে পিছে নেচেছে তারক।
 অই, সে অদ্বৈত নাচে অন্তরে পুলক।
 নাচিতে নাচিতে মত্ত হ'ল দীন পাল।
 ডেকে বলে 'পাগলের মুখ কেন লাল।।
 হরি বলে হস্ত তুলে মুখ বিস্তারিল।
 অমনি মুখেতে রক্ত উদ্গম হইল।।
 তাহা দেখি সবে মিলে পাগলে ধরিল।
 পাগলে মস্তকে করি নাচিতে লাগিল।।
 মস্তকে থাকিয়া ক্ষণে ক্ষণে অঙ্গ ঝাঁকে।
 ঝাঁকিতে হইয়া শূন্য চাঁদোয়ায় ঠেকে।।
 শূন্য হ'তে পড়ে পুনঃ মাথার উপর।
 এইভাবে ছাটাছাটি করে বার বার।
 হরিপাল গিয়া শীঘ্র পাগলে ধরিল।।
 হরিপালের মস্তকে পাগল বসিল।
 লক্ষ দিয়া পাগল পড়িল ধরাতলে।
 প্রেমাবেশে তথা হ'তে দৌড়াইয়া চলে।।
 পিছে পিছে ধাইলেন অক্ষয় ঠাকুর।
 হরিপাল কহে 'তবে যাও জয়পুর।।'
 তাহা শুনি দৌড়াইয়া চলিল তারক।
 সঙ্গে সঙ্গে দৌড়াই যায় কত লোক।।
 যতেক মতুয়াগণ চলিল ধাইয়া।
 নাম গানে প্রেমে মত্ত নাচিয়া গাইয়া।।
 দৌড়িয়া দৌড়িয়া কার হ'ল ঘনশ্বাস।
 মাধাই আবেশ হ'ল মদন বিশ্বাস।।
 একগোটা বাঁশ ধরি দক্ষিণ করেতে।
 ভাঙ্গা এক হাঁড়ি ধরিলেন বাম হাতে।।
 বলে হারে বেটা কোথা চলিলি ধাইয়া।
 মাথারে ভাঁড়িয়ে কোথা যাবি পলাইয়া।।
 কই তোর গোরা কই কই, তোর নিতা।
 কাঁধার আঘাতে তার ভেঙ্গে দিব মাথা।।